কৃতী শিক্ষার্থী সংবর্ধনা

সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল কর্তৃক ০৬ অক্টোবর ২০২৪ তারিখ, রবিবার, সকাল ১০:০০ ঘটিকায় 'কৃতী শিক্ষার্থী সংবর্ধনা ২০২৪' অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ মহোদয় প্রফেসর মোঃ মনিরুজ্জামান মিয়া। বিশেষ অতিথি হিসেবে ছিলেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর সুলতান আহমেদ এবং কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক প্রফেসর মোঃ মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ শফিকুল ইসলাম ভূঁঞা। স্বাগত বক্তব্য প্রদান করেন পদার্থবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোহাম্মদ মোশারফ হোসেন।

অনুষ্ঠানে অনার্স ১ম বর্ষ অভ্যন্তরীণ পরীক্ষা ২০২৩ এবং অনার্স ২য় বর্ষ অভ্যন্তরীণ পরীক্ষা ২০২৩-এর ফলাফলের ভিত্তিতে সকল বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হয়। পাশাপাশি, 'আলোকিত মানুষ, আলোকিত পৃথিবী' শীর্ষক কুইজ প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।























